



ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ DSE BROKERS ASSOCIATION OF BANGLADESH

ডিবিএ/নির্বাচন/২০২১/০৩

এপ্রিল ৭, ২০২১ইং।

সকল সম্মানিত সদস্যবৃন্দ

ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ)

বিষয় : আসন্ন ৩০ মে ২০২১ তারিখে এসোসিয়েশনের নির্বাচন স্থগিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গত ৬ এপ্রিল, ২০২১ ইং তারিখে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এবং প্রকাশিত পত্রের প্রেক্ষিতে ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশের (ডিবিএ) পরিচালনা পর্ষদের আসন্ন নির্বাচন অনুষ্ঠান ও কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের লক্ষ্যে নির্বাচন কমিশন ৭ এপ্রিল ২০২১ (বুধবার) এক সভার আয়োজন করে।

সভায় করোনাভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ ও বিস্তার রোধকল্পে বাণিজ্য সংগঠনের নির্বাচন অনুষ্ঠান বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বর্ধিত সময়ের (৩১ ডিসেম্বর ২০২১) উপর বিবেচনা করে নির্বাচন কমিশন আসন্ন ৩০ মে ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশের পরিচালনা পর্ষদের নির্বাচন স্থগিত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই প্রেক্ষিতে ইতিপূর্বে ঘোষিত নির্বাচন সিডিউল মোতাবেক ৭ এপ্রিল ২০২১ পর্যন্ত সম্পাদিত সকল প্রকার কার্যক্রম বহাল থাকবে এবং ৮ এপ্রিল ২০২১ থেকে পরবর্তী কার্যক্রম স্থগিত থাকবে, যা বাণিজ্য মন্ত্রণালয়ের আদেশের উপর নির্দিষ্ট মেয়াদের মধ্যে নির্বাচনের পরবর্তী তারিখ ও সিডিউল প্রকাশ করার বিষয়েও সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

বিষয়টি আপনাদের সদয় অবগতির জন্য জানানো গেল।

ধন্যবাদান্তে,

হারুনুর রাশিদ

চেয়ারম্যান

নির্বাচন কমিশন

ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ।

অনুলিপি বিতরণ :

- ১) প্রেসিডেন্ট, ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ।
- ২) সেক্রেটারী, ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।